দৈনিক ইত্তেফাক

তারিখ ... 04 NOV 1990 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫ ...

53

# ভাইস-চ্যান্সেলর সংগঠনের উদ্বেগ

( ইত্তেফাক রিপোর্ট )

ভাইস চ্যান্সেলরগণের সংগঠন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদ গত শুক্রবার এক সভায় সাম্প্রতিক-কালে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সং-

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ভাইস চ্যান্সেলর সংগঠন

(১ম পৃঃ পর)

ঘটিত ঘটনায় উদ্বেগ প্রকাশ করিয়াছে। পরিষদের সভাপতি কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর মুহম্মদ সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বলা হয়, বিশ্ববিদ্যালয় সমূহে সাম্প্রতিক কালে যে সকল দাবী-দাওয়া হাজির করা হইয়াছে, তাহা কোন কোন ক্ষেত্রে বিপরীত ধর্মী। ইহার ফলে বিশ্ববিদ্যালয়-প্রশাসনকে অনেক ক্ষেত্রে যথেষ্ট অসুবিধার সম্মুখীন হইতে হইয়াছে। সভায় বলা হয়, ব্যক্তি স্বাধীনতা এবং দেশের সংবিধানে সংরক্ষিত মৌলিক অধিকার রক্ষার ব্যাপারে ভাইস চ্যান্সেলরগণের স্থায়ী কমিটি বিগত দিনে দ্বিমত পোষণ করে নাই, বর্তমানেও করিতেছে না। কিন্তু অবস্থা কোন কোন সময় এমন দাঁড়ায় যে, ভাইস চ্যান্সেলরগণের ব্যক্তিগত নিরাপত্তাও বিঘ্নিত হয়। সভায় বলা হয়, ভাইস চ্যান্সেলরগণ তাঁহাদের উপর অর্পিত দায়িত্ব সব সময়ই সততা, আন্তরিকতা, নিরপেক্ষতা ও আইনানুগভাবে পালন করিতে চান। এব্যাপারে সংশ্লিষ্ট সকল মহলের সহযোগিতা প্রয়োজন।

জানা যায়, কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত এই সভায় শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ সম্পর্কে তেমন কোন আলোচনা অনুষ্ঠিত হয় নাই।